



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা-মাধ্য/পনি/৬৩/৬৪

তারিখ : ৩০/১০/২০১৭ খ্রিঃ

বিষয় : নবম শ্রেণির অর্ধ বার্ষিক ও বার্ষিক এবং দশম শ্রেণির প্রাক নির্বাচনি পরীক্ষার ফিস জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালে অনুষ্ঠিত বোর্ডের প্রশ্ন ব্যাংক থেকে অনলাইনে অষ্টম শ্রেণির অর্ধ বার্ষিক, নবম শ্রেণির অর্ধ বার্ষিক ও বার্ষিক এবং দশম শ্রেণির প্রাক নির্বাচনি ও নির্বাচনি পরীক্ষার জন্য নিম্নোক্ত হারে প্রদানের অনুরোধ করা হ'ল।

ক্রমিক নং	শ্রেণি	পরীক্ষার বিবরণ	পরীক্ষার ফিস (প্রতি পরীক্ষার্থী)	মোট টাকা
১	অষ্টম শ্রেণি	অর্ধ-বার্ষিক	১০/-	১০/-
২	নবম শ্রেণি	অর্ধ-বার্ষিক	১০/-	২০/-
		বার্ষিক	১০/-	
৩	দশম শ্রেণি	প্রাক নির্বাচনি	১০/-	২০/-
		নির্বাচনি	১০/-	

সোনালী সেবার মাধ্যমে এসএসসি পরীক্ষার ফিসের সাথে জমা দিতে হবে।

প্রশ্ন ব্যাংক এর মাধ্যমে গৃহীত পরীক্ষার ফিস জমা দেওয়ার নিয়মাবলী :

Sonali Seba > Payment Type এর Question Bank /প্রশ্ন ব্যাংক বিভাগ থেকে নির্দিষ্ট পরীক্ষার নাম (৮ম শ্রেণির অর্ধ বার্ষিক পরীক্ষার ফি, নবম শ্রেণির অর্ধ বার্ষিক পরীক্ষার ফি, নবম শ্রেণির বার্ষিক পরীক্ষার ফি, দশম শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষার ফি, দশম শ্রেণির নির্বাচনী পরীক্ষার ফি) নির্বাচন করে এবং Others Examination সিলেক্ট করে পরবর্তী ধাপ গুলি যথাযথ ভাবে পূরণ পূর্বক ফি জমা দিতে হবে।

(মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

ফ্যাক্স : ০৪২১-৬৮৬৯২

ই-মেইল: controller@jessoreboard.gov.bd

প্রাপক :

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।